একটি সমৃদ্ধ এবং সুন্দর অন্টারিওর জন্য একটি বাজেট

নতুন অন্টারিও সরকার চাকরি তৈরী এবং জনগনের সহযোগিতার সহায়ক

সংবাদ — মে ২, ২০১৩

অন্টারিওর ২০১৩ বাজেট - একটি সমৃদ্ধ এবং সুন্দর অন্টারিও – দক্ষ বিনিয়োগ করে অর্থনীতি দৃঢ় করবে, যুবকদের চাকরি তৈরীর সহায়ক হয় এবং ২০১৭-১৮ অর্থ বছরের মধ্যে ঘাটতি দূরীকরনের জন্য পদক্ষেপ গ্রহন করে।

নিম্নোক্ত উপায়ে ২০১৩ অন্টারিও বাজেট একটি সমৃদ্ধ এবং সুন্দর অন্টারিও প্রস্তাব করে:

- পরবর্তি দুই বছরে চাকরি তৈরী, প্রায় ৩০,০০০ যুবকের পরামর্শ গ্রহনের সুযোগ এবং শিল্পোদ্যোক্তা ও উৎভাবনের প্রচারনার জন্য ২৯৫ মিলিয়ন ডলারের যুবকদের চাকরি কৌশল স্থাপন
- জন যোগাযোগ, রাস্তা, সেতু, হাসপাতাল এবং বিদ্যালয় –এর অবোকাঠামোতে বিনিয়োগ করে চাকরি তৈরী
- ৯ মিলিয়ন গাড়ী চালকদের গাড়ী বিমার হার গড়ে শকতরা ১৫ ভাগ কমানো
- ৪৬,০০০-এর বেশী জনগন গৃহ এবং সমাজিক সেবা যাতে তারা দ্রুত এবং নিজ গৃহে বসে স্বাচ্ছন্দে পায় তার সাহায্য
- চাকরিদাতার স্বাস্থ্য কর (Employer Health Tax) ছাড় বেতন খাতায় ৪০০,০০০ থেকে ৪৫০,০০০-এ বৃদ্ধির মাধ্যমে ক্ষুদ্র ব্যবসায়ে কর সহায়তা প্রদান যাতে আরো চাকরি তৈরী হয়
- সামাজিক সাহায্যের পরিবর্তনের পদক্ষেপ যাতে আরো গ্রহীতারা চাকরি পায় এবং তাদের অর্থনৈতিক নিরাপত্তা বৃদ্ধি পায়।

২০১২-১৩ অর্থ বছরের ঘাটতি এখন আনুমানিক ৯.৮ বিলিয়ন ডলার – ২০১২ বাজেটে প্রক্ষেপিত পরিমানের চেয়ে ৫ বিলিয়ন ডলার উন্নয়ন। অর্থ বছর কেবল শেষ যাতে দেখা যায় টানা চার বছর ধরে অন্টারিও পূবাভাষের চেয়ে কম ঘাটতি প্রতিবেদন পেশ করছে – কানাডার একমাত্র সরকার যা এমন সাফল্য অর্জন করেছে। কর্মসূচী বাবদ খরচের বৃদ্ধি পরপর দুই বছর শতকরা এক ভাগের কম প্রক্ষেপিত হচ্ছে।

২০১২-১৩ অর্থ বছরের ঘাটতির লক্ষমাত্রা অতিক্রম করা ছাড়াও প্রদেশ ২০১৩-১৪ অর্থ বছরে ২০১২ বাজেটে প্রক্ষেপিত ১২.৮ বিলিয়ন ডলারের ঘাটতির চেয়ে ১ বিলিয়ন ডলারের অধিক উন্নয়ন। ২০১৩-১৪ অর্থ বছরের কর্মসূচী বাবদ খরচ ও ২০১২ বাজেটে প্রক্ষেপিত পরিমান অপরিবর্তিত আছে, সরকার ঘাটতির চলমান লক্ষ্যমাত্রা অর্জনে ২০১২ বাজেটের রূপরেখা অনুযায়ী চলছে এবং ২০১৭-১৮ অর্থ বছরে ০.৫ বিলিয়ন ডলার উদ্বৃত্ত থাকবে।

সরকার গুরুত্বপূর্ন অংশীদারীদের সাথে কাজ করে ছয় খন্ড অর্থনৈতিক নবায়ন পরিকল্পনা গ্রহন করছে যাতে অন্টারিওর অর্থনীতি উন্নয়ন ও চাকরি তৈরীর নতুন সুযোগ পাবে:

১. প্রতিযোগিতামূলক ব্যবসা পরিবেশ – প্রতিযোগিতামূলক কর পদ্ধতি সমর্থন এবং কার্যকর বিধীমালা যা চাকরি তৈরী ও অর্থনৈতিক প্রবৃদ্ধিতে সহায়ক

২. আধুনিক অবকাঠামো – যাতায়ত ব্যবস্থা, রাস্তা, বিদ্যালয় এবং হাসপাতালে বিনিয়োগ হচ্ছে উৎপাদনশীল অর্থনীতির মূল ভিত্তি

৩. অতিব দক্ষ কর্মীবাহিনী – দক্ষতা ও শিক্ষায় বিনিয়োগ সাথে সাথে যুবকদের চাকরি নিশ্চিত করে প্রদেশের জনগনের কাজ ও উন্নয়ন করতে পারে

৪. শিল্পোদ্যোক্তা ও উৎভাবনীকে প্রচারনা – বিশ্ব অর্থনীতির জন্য কোন নতুন চিন্তাকে উৎভাবনী দ্রব্য ও সেবায় রুপান্তেরর অন্টারিওর ক্ষমতাকে দৃঢ়করন

৫. বিশ্বমুখী হওয়া – ব্যবসা প্রতিষ্ঠানের সাথে কাজ করা যাতে দ্রব্য ও সেবাসমূহ অন্টারিওর সীমিরেখা ছাড়িয়ে অন্য প্রদেশসমূহ, যুক্তরাষ্ট্র এবং উদীয়মান অর্থনীতিতে প্রবেশ করতে পারে

৬. উজ্জল ও দৃঢ় সমাজ – চাকরি তৈরী ও অর্থনৈতীক প্রবৃদ্ধির সুযোগে সকল সমাজ ও আঞ্চলিক অর্থনীতিকে সাহায্য করা।

নতুন সরকার অন্টারিওর পরিবারসমূহের সহায়তার জন্য পদক্ষেপ গ্রহনে অব্যাহত থাকবে। এতে অন্টারিওর অ্যাবরিজিন্যাল জনগনের সুযোগ বৃদ্ধি পাবে, সবচেয়ে সংবেদনশীল জনগন সুরক্ষিত থাকবে এবং তুলনামূলক ভাবে নিরাপদ ও দৃঢ় সমাজ তৈরী হবে।

অন্টারিওর ২০১৩ বাজেট সকলের ভালোর জন্য একটি সমৃদ্ধ এবং সুন্দর অন্টারিও গঠন করবে।

উক্তি

"নতুন সরকার অন্টারিওর সকল জনগনের সহযোগিতা এবং ২০১৭-১৮ অর্থ বছেরর মধ্যে ঘাটতি দূরীকরনে প্রতিশ্রুতিবদ্ধ। অর্থ বছরের লক্ষ্যমাত্রা অতিক্রম করে প্রতিনিয়ত আমাদের জন্য যা সবচেয়ে প্রয়োজনীয় তাতে আমরা বিনিয়োগ চালিয়ে যেতে পারি। আমরা স্বাস্থ্য সেবা এবং শিক্ষা সংরক্ষন করছি। আমরা যুবকদের জন্য চাকরির সুযোগ তৈরী করছি। অর্থনীতিকে দৃঢ় করতে আমাদের সামাঞ্জস্যপূর্ন পদক্ষেপ চাকরি তৈরী করবে এবং সবার জন্য একটি সমৃদ্ধ এবং সুন্দর অন্টারিও গঠনে সহায়ক হবে।"

- Charles Sousa, অর্থমন্ত্রী (Minister of Finance)

এক নজরে তথ্যসমূহ

- সরকার প্রক্ষেপন করছে বাস্তব গ্রস ডোমেস্টিক প্রডাক্ট (জিডিপি) প্রবৃদ্ধি ২০১৩-এ শতকরা ১.৫ ভাগ, ২০১৪-এ শতকরা ২.৩ ভাগ, এবং ২০১৫ ও ২০১৬ উভয় বছরে শতকরা ২.৪ ভাগ করে।

- সরকার টেলিফোন টাউন হলের মাধ্যমে প্রাক বাজেট পরামর্শের জন্য অন্টারিও ব্যাপী ১,০০০ প্রতিষ্ঠান এবং ৬০০,০০০-এর বেশী পরিবারের কথা শুনেছে।

- অন্টারিও বর্তমানে কানাডার মাত্র দুটি সরকারের একটি যারা ২০১২-১৩ অর্থনৈতিক লক্ষ্যমাত্রা অর্জনের পথে আছে। এটা সম্ভব হয়েছে ২০১৭-১৮ অর্থ বছরের মধ্যে ঘাটতি দূরীকরনে দৃষ্টিনিবদ্ধতার কারনে – এই প্রতিশ্রুতিটি একটি লক্ষ্যমাত্রা

অর্জনের জন্য প্রয়েজন। লক্ষ্যমাত্রা হচ্ছে বাজেট সামঞ্জস্য হলে সঠিক ডেট-টু-জিডিপি কমিয়ে প্রাক মন্দা সময়ের মত শতকরা ২৭ ভাগ করন।

- জুন ২০০৯ থেকে এ পর্যন্ত অন্টারিও অর্থনৈতিক মন্দার সময় যাওয়া সব চাকরি পুনরুদ্ধার করে প্রায় ৪০০,০০০ চাকরি তৈরী করেছে। বর্তমান চাকরির পরিমান মন্দাপূর্ব সময়ের সর্বচ্চো থেকে ১৩০,০০০ বেশী।

- পরবর্তি তিন বছরে অন্টারিওর পরিকল্পিত অবকাঠামোতে ৩৫ বিলিয়ন ডলারের বেশী বিনিয়োগ প্রতি বছর গড়ে ১০০,০০০-এর বেশী চাকরি হবে।

- সরকার অন্টারিওর জনসেবা পুনর্গঠন বিষয়ক কমিশন (Commission on the Reform of Ontario's Public Services) কর্তৃক সুপারিশকৃত ৩৬২টি সুপারিশের শতকরা ৬০ ভাগ নিয়ে এগিয়ে যাচ্ছে এবং বাকীগুলো বাস্তবায়নের জন্য পরীক্ষা নিরীক্ষা করছে।

আরও জানুন

বাজেটটি পড়ুন।

বাজেট বক্তৃতাটা দেখুন।

বাজেট ছবিগুলো দেখুন।

বাজেটের পটভূমিকা পড়ুনঃ
- অন্টারিওস ইকোনমিক আউটলুক এন্ড ফিস্কেল প্ল্যান
- অন্টারিওর গাড়ীচালদের আর্থিক সাশ্রয়ের সাহায্য
- একটি সুন্দর সমাজ
- অন্টারিও ট্রিলিয়াম সুবিধা: জনগনের জন্য আরও বেশী বেছে নেয়ার সুযোগ
- যুবকদের জন্য চাকরি তৈরী

বাজেটের উল্লেখযোগ্য অংশসমূহ পড়ুন।

শুধুমাত্র গণমাধ্যমের অনুন্ধানের জন্যঃ
Susie Heath, মন্ত্রীর কার্যালয় (Minister's Office), ৪১৬-৩২৫-৩৬৪৫
Scott Blodgett, মন্ত্রীর কার্যালয় (Minister's Office), ৪১৬-৩২৫-০৩২৪

সর্বসাধারনের অনুন্ধানের জন্য ফোন করুনঃ
১-৮০০-৩৩৭-৭২২২
টিটিওয়াই: ১-৮০০-২৬৩-৭৭৭৬

ontario.ca/finance-news
Bengali